দৈনিক সংবাদ

তারিখ 2[illegible] OCT 1987
পৃষ্ঠা 1 কলাম 7

46

রাজশাহীতে পুলিশের লাঠিচার্জ

# শিক্ষক ও ছাত্রীসহ শতাধিক আহত

রাজশাহী, ২৭শে অক্টোবর (নিজস্ব সংবাদদাতার ফোন)।— আজ সকাল সাড়ে এগারোটায় রাজশাহী সরকারী কলেজে পুলিশের বেপরোয়া লাঠিচার্জ ও কাঁদানে গ্যাস নিক্ষেপের ফলে ১জন শিক্ষক, ৫ জন ছাত্রী ও ৪ জন কর্মচারীসহ শতাধিক আহত হয়েছে। আহতদের ৫ জনকে রাজশাহী মেডিক্যাল কলেজে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়। পুলিশ কলেজের আসবাবপত্র ও গোপনীয় মূল্যবান কাগজপত্রের ক্ষতিসাধন করে।

ঘটনার প্রতিবাদে কলেজ শিক্ষক পরিষদ আগামীকাল

(শেষ পৃ:৮-এর ক: দ্র:)

শতাধিক আহত

(১ম পাতার পর)

ক্লাস বর্জনের সিদ্ধান্ত নিয়েছে।

ঘটনার বিবরণ দিয়ে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোহাম্মদ আবদুল মজিদ বলেন, শান্তিপূর্ণ পরিবেশে ক্লাস ও পরীক্ষা চলার সময় পুলিশ বিনা অনুমতিতে কলেজের চত্বরে প্রবেশ করে এবং বিনা প্ররোচনায় নির্বিচারে যাকে সামনে পায় তাকেই প্রহার করতে শুরু করে। তারা পরীক্ষার হলেও হামলা চালায়। শিক্ষক- কর্মচারীরা নিজেদের পরিচয় দেয়া সত্ত্বেও পুলিশের হাত থেকে রেহাই পাননি। পুলিশ পরীক্ষার হলে কর্তব্যরত অবস্থায় অর্থনীতির অধ্যাপক আবদুল কাদের জিলানীকে ভীষণভাবে প্রহার করে।

তিনি জানান, ৪জন কর্মচারী ও ৫ জন ছাত্রীসহ বহু ছাত্রকে পুলিশ বেপরোয়া মারধর করেছে। বেশ কিছু ছাত্রী পুলিশের হাতে লাঞ্ছিত হয়। এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, অতর্কিত পুলিশ হামলার কারণ তিনি জানেন না।

তিনি অভিযোগ করেন, ঘটনার ব্যাপারে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও এসপি'র সাথে সন্ধ্যা পর্যন্ত যোগাযোগের চেষ্টা করেও তিনি ব্যর্থ হয়েছেন। তাঁরা কেউ কোন খোঁজ খবরও নেননি।

পুলিশ সূত্রে বলা হয়, কলেজ চত্বরের পাশে টহলরত অবস্থায় পুলিশের ওপর ছাত্ররা ইটপাটকেল নিক্ষেপ করলে পুলিশ কলেজ চত্বরে প্রবেশ করতে বাধ্য হয়েছে।

ঘটনার পরপরই ভারপ্রাপ্ত অধ্যক্ষের সভাপতিত্বে শিক্ষক পরিষদের জরুরী সভায় ঘটনার নিন্দা এবং তদন্তের দাবী জানানো হয়। এছাড়া আগামীকাল ক্লাস বর্জনের সিদ্ধান্ত নেয়া হয়।

এদিকে পুলিশ আজ শহরের বিভিন্ন স্থানে কয়েকটি মিছিলের ওপর অতর্কিত হামলা চালিয়ে মিছিল ছত্রভঙ্গ করে দেয়। শহরে উত্তেজনা বিরাজ করছে।